৪০

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং- জঃশঃউঃ/জাঃবাঃকঃ/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৩০

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৬ / ১০ মার্চ ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন।

সূত্র: এ কার্যালয়ের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের স্মারক নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৪৪।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী দেশজুড়ে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে। সে উপলক্ষ্যে উদ্বোধন অনুষ্ঠান আগামী ১৭ই মার্চ ২০২০ তারিখে আয়োজনের জন্য ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে। তবে সাম্প্রতিক বিশ্ব পরিস্থিতি বিবেচনায় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী গত ০৮/০৩/২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি ও জাতীয় বাস্তবায়ন কমিটির এক যৌথ সভা আহ্বান করেন। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রী দেশের জনসাধারণের স্বাস্থ্যঝুঁকির বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জনসমাবেশ পরিহারপূর্বক ১৭ই মার্চের উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের জন্য সদয় অনুশাসন প্রদান করেন। সে অনুযায়ী রাজধানীর জাতীয় প্যারেড স্কয়ারের কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান পুনর্বিন্যাস করা হয়েছে, যা পরবর্তীতে সুবিধাজনক সময়ে সর্বসাধারণের অংশগ্রহণে আয়োজন করা হবে। পাশাপাশি দেশজুড়ে স্থানীয় পর্যায়ের অনুষ্ঠানসমূহও জনসমাগম ব্যাতিরেকে উৎসবমুখর পরিবেশে আয়োজনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। নিম্নলিখিতভাবে ১৭ই মার্চের অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে:

- বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থায় উৎসবমুখর পরিবেশে, তবে জনসমাবেশ পরিহারপূর্বক সীমিত আকারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন;
- ১৭ই মার্চ ২০২০ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২০ তারিখে জাতীয় পতাকা উত্তোলন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন;
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন;
- দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে খাবার/মিষ্টান্ন বিতরণ;
- হাসপাতাল, কারাগার, শিশু পরিবার ও এতিম খানায় মিষ্টান্ন বিতরণ ও উন্নতমানের খাবার পরিবেশন;
- স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহহীনদের মধ্যে গৃহ প্রদানের উদ্যোগ গ্রহণ;
- জনসমাবেশ ব্যাতিরেকে আতশবাজির আয়োজন;
- মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক তাদের ভবনে ১৭ই মার্চ, ২০২০ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ড্রপডাউন ব্যানার ব্যবহার ও মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- সকল সরকারি-বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানে আলোকসজ্জার ব্যবস্থা, সৌন্দর্যবর্ধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;
- বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবমুখর পরিবেশে নিজস্বভাবে সীমিত আকারে বিভিন্ন অনুষ্ঠান, যেমন: আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, মিষ্টান্ন বিতরণ, দুপুরের খাবার ইত্যাদির আয়োজন;
- ওয়েবসাইটে প্রদত্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ প্রচার;

মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
ডায়েরি নং.............
তারিখ.............

- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্যুভেনির, গ্রন্থ, স্মরণিকা, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ;

৩। জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে:

(১) সৈয়দ নাসির এরশাদ, যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৭, মোবাইল: +৮৮০১৭২০১৭০৮৮৮

(২) দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব
ফোন: ০২-৫৫১৩০৩১৫ মোবাইল: +৮৮০১৭৮৩৫২৫২৮৫

(৩) ইফতেখার ইউনুস, সিনিয়র সহকারী সচিব
মোবাইল: +৮৮০১৯৩৩৮২৪৮১৮
ই-মেইল: bangabandhu100@gmail.com

২৩/৩/২০২০

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
প্রধান সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৩০৩২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা (বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসনসহ মাঠ প্রশাসনকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য)/
সিনিয়র সচিব ... ... (সকল);
৩। সচিব, তথ্য মন্ত্রণালয় (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)/
সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অধীনস্ত দপ্তরসমূহকে দিক নির্দেশনা প্রদানের জন্য)/
সচিব, ... (সকল);

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ;
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার ... ...(সকল বিভাগ);
৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা ... ... (সকল সিটি কর্পোরেশন);
৭। জেলা প্রশাসক ... ... (সকল জেলা);
৮। উপজেলা নির্বাহী অফিসার ... ... (সকল উপজেলা);
৯। মিডিয়া সেন্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মুজিববর্ষ উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.১৮৩

তারিখ:- ২৭ ফাল্গুন ১৪২৬ / ১১ মার্চ ২০২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উদ্বোধন অনুষ্ঠান আয়োজন।

সূত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির স্মারক নম্বর: জ:শ:উ:/জা:বা:ক/কর্মপরিকল্পনা-০১/২০১৯/২৩০ তারিখ: ১০.০৩.২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে দেশজুড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উদ্বোধন হবে। তবে সাম্প্রতিক বিশ্ব পরিস্থিতি বিবেচনায় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ০৮.০৩.২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্‌যাপন জাতীয় কমিটি ও জাতীয় বাস্তবায়ন কমিটির এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রী দেশের জনসাধারণের স্বাস্থ্যঝুঁকির বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে জনসমাবেশ পরিহারপূর্বক ১৭ মার্চ ২০২০ তারিখের উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের জন্য সদয় অনুশাসন প্রদান করেন।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী রাজধানীর জাতীয় প্যারেড স্কয়ারের কেন্দ্রীয় উদ্বোধন অনুষ্ঠান পুনর্বিন্যাস করা হয়েছে, যা পরবর্তীতে সুবিধাজনক সময়ে সর্বসাধারণের অংশগ্রহণে আয়োজন করা হবে। পাশাপাশি দেশজুড়ে স্থানীয় পর্যায়ে জনসমাগম ব্যতিরেকে অনুষ্ঠানসমূহ আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এমতাবস্থায়, জাতীয় বাস্তবায়ন কমিটির পত্রের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে দুই পৃষ্ঠা।

১১/৩/২০২০

(মোহাম্মদ আলিতাফ হোসেন)
উপসচিব (সংযুক্ত)
ফোন: ৯৫৪৬২৮২
ই-মেইল: mujib100@cabinet.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব/সচিব, ... মন্ত্রণালয়/বিভাগ;
২. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
৩. বিভাগীয় কমিশনার (সকল);
৪. জেলা প্রশাসক (সকল);ও
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল);

অনুলিপি:

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;ও
০২. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।